দৈনিক সংবাদ

তারিখ 12 JUN 1990
পৃষ্ঠা ১ কলাম ১

75

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ।। তদন্ত কমিটি রিপোর্ট দিয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর, ১১ই জুন।– কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গঠিত তদন্ত কমিটি আজ তাদের রিপোর্ট পেশ করেছে।

কমিটি প্রধান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক কাজী সালেহ্ আহমেদ শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদের কাছে এ রিপোর্ট পেশ করেন।

গত ১৪ই মে নোয়াখালী ও সেনবাগে সাধারণ বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়।

( শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ )

## প্রশ্নপত্র ফাঁসের ঘটনা

(১ম পাতার পর)

উপাচার্য অধ্যাপক সালেহ্ জানান, সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণের স্বার্থে তদন্ত রিপোর্ট সম্পর্কে এ মুহূর্তে কিছু বলা সম্ভব নয়। তবে তদন্তে ঘটনার বিস্তারিত তথ্য ও প্রকৃত অভিযুক্তদের তালিকা প্রণয়ন সম্ভব হয়েছে।